গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ

নং-২০.০৬.০০০০.৬০৫.১৪.০০৪.২০/ ১৫৫

তারিখঃ ১৪ ভাদ্র, ১৪২৮
২৯ আগস্ট, ২০২১

পরিপত্র

বিষয়ঃ আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি পুনর্গঠন সংক্রান্ত।

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রস্তাবিত নতুন অননুমোদিত প্রকল্প যাচাই-বাছাই পূর্বক এডিপি/আরএডিপিতে তালিকাভুক্তির সুপারিশ প্রণয়নের জন্য বিদ্যমান সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি ২০১৬ এর সংযোজনী-'ন' তে বর্ণিত আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলোঃ

আন্তঃমন্ত্রণালয় প্রোগ্রামিং কমিটি

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	
১	সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন	সভাপতি
২	প্রধান, সংশ্লিষ্ট সেক্টর/বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
৩	প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
৪	প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
৫	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-এর প্রতিনিধি	সদস্য
৬	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর প্রতিনিধি	সদস্য
৭	অর্থ বিভাগ-এর প্রতিনিধি	সদস্য
৮	পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ-এর প্রতিনিধি	সদস্য
৯	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ-এর প্রতিনিধি	সদস্য
১০	বাস্তবায়নকারী সংস্থার প্রধান	সদস্য
১১	যুগ্ম-প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য-সচিব

- বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে নতুন অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্তির সুপারিশ প্রণয়নের জন্য সাধারণত কমিটির সভা অর্থবছরে ২বার আহবান করা হবে। তবে বিশেষ প্রয়োজনে এডিপি/আরএডিপি চলমান অবস্থায় **এডিপি/আরএডিপি বহির্ভূত** জাতীয় গুরুত্বপূর্ণ কোন প্রকল্প গ্রহণ করা প্রয়োজন হলে প্রোগ্রামিং কমিটির **বিশেষ সভা** আহবান করা হবে।
- মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি যুগ্ম-প্রধান/যুগ্ম-সচিব পর্যায়ের হতে হবে।
- কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

অ.পৃ.দ্র.

২। **কমিটির পুনর্গঠিত কার্যপরিধিঃ**

- সরকার কর্তৃক গৃহীত ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), পঞ্চবার্ষিক পরিকল্পনা, সেক্টর কৌশলপত্র ইত্যাদির সাথে প্রস্তাবিত প্রকল্পের সংযোগ/সামঞ্জস্যতা নির্ধারণ;
- মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় মন্ত্রণালয়/বিভাগের উন্নয়ন বাজেটের প্রাক্কলন/প্রক্ষেপন বিবেচনায় প্রস্তাবিত প্রকল্পের অর্থায়নের সম্ভাব্যতা বা অর্থায়ন পরিকল্পনা (Financing Plan) পরীক্ষা করা;
- মন্ত্রণালয়/বিভাগ ও বাস্তবায়কারী সংস্থার কর্মপরিধির সাথে প্রস্তাবিত প্রকল্পের সামঞ্জস্যতা নির্ধারণ করা;
- প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগ ও বাস্তবায়নকারী সংস্থার প্রশাসনিক ও কারিগরি সক্ষমতা বিবেচনা করা;
- প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে কীনা;
- প্রস্তাবিত প্রকল্প পিপিপি'র মাধ্যমে বাস্তবায়নযোগ্য কীনা;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে ADP/RADP Management System (AMS) এর মাধ্যমে প্রাপ্ত নতুন প্রকল্প যাচাই ও অগ্রাধিকার (উচ্চ, মধ্যম ও নিম্ন) নির্ধারণপূর্বক বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির সুপারিশ করা;
- এডিপি/আরএডিপি চলমান অবস্থায় **এডিপি/আরএডিপি বহির্ভূত** জাতীয় গুরুত্বপূর্ণ কোন প্রকল্প গ্রহণের প্রস্তাব পর্যালোচনান্তে পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণের জন্য সুপারিশ প্রণয়ন করা;
- বিবিধ

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৯/৮/২০২১

(নুসরাত নোমান)
উপপ্রধান
ফোনঃ ৯১৮০৭৪৩
ই-মেইল nusrat.noman@yahoo.com

নং-২০.০৬.০০০০.৬০৫.১৪.০০৪.২০/ ১৫৪

১৪ ভাদ্র, ১৪২৮
তারিখঃ----------
২৯ আগস্ট, ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেঁজগাও, ঢাকা।
২. সিনিয়র সচিব/ভারপ্রাপ্ত সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ ..... ঢাকা।
৩. সদস্য (সকল) .....বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. যুগ্ম-প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
৯. সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০. প্রধান (কার্যক্রম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১১. অফিস কপি

২৯/৮/২০২১

(নুসরাত নোমান)
উপপ্রধান
ফোনঃ ৯১৮০৭৪৩
ই-মেইল nusrat.noman@yahoo.com